

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ চট্ট-১৯৭/২০১৭/১৫৬৮১

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
০৩ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ


অফিস আদেশ

পরশুরাম ইসলামিয়া ফাজিল মাদরাসা, পরশুরাম, ফেনী, চট্টগ্রাম-এর ফাজিল (স্নাতক) পাস বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ৩০.০৬.২০২৫ খ্রি. দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি-২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল (স্নাতক) পাস বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ০১-০৭-২০২৫ থেকে ৩০-০৬-২০২৮ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে মাদরাসার প্রত্যেক শ্রেণিতে বিশেষ করে ফাজিল ও কামিল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে। একই সাথে প্রতিটি শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের দৈনন্দিন উপস্থিতি নিশ্চিত করতে হবে;
২. সরকারি/নিজস্ব অর্থায়নে মাদরাসার সকল ভবন সংস্কার/মেরামতসহ সৌন্দর্যবর্ধন করতে হবে;
৩. মাদরাসার মূল গেইট সংস্কারসহ দৃষ্টিনন্দন করতে হবে;
৪. মাদরাসার সামনে দু'টো টিনশেডের ভবন নতুনভাবে মেরামত করতে হবে;
৫. অর্থ ও প্রশাসন সংক্রান্ত সকল কার্যক্রম ফাইল নোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
৬. প্রতি তিন মাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
৭. মাদরাসার সকল আয়-ব্যয়ের হিসাব সঠিকভাবে সংরক্ষণ করতে হবে;
৮. মাদরাসায় ফুল গাছ লাগাতে হবে এবং শ্রেণিকক্ষ ও আঙিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;
৯. বিশুদ্ধভাবে পবিত্র কুরআন তিলাওয়াতের উপর বিশেষ জোর দিতে হবে এবং আরবি ভাষায় শিক্ষার্থীদেরকে দক্ষ করে তোলার জন্য কার্যকর পদক্ষেপ নিতে হবে;
১০. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি বড় করে লিখতে হবে;
১১. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

  
০৩-০৩-২০২৬

(আরিফ আহমদ)

সহকারী মাদরাসা পরিদর্শক  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ

পরশুরাম ইসলামিয়া ফাজিল মাদরাসা

ডাকঘর: পরশুরাম, উপজেলা: পরশুরাম, জেলা: ফেনী।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ চট্ট-১৯৭/২০১৭/১৫৬৮১(৭)

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
০৩ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, পরশুরাম ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: পরশুরাম, উপজেলা: পরশুরাম, জেলা: ফেনী।
৭. অফিস নথি।

  
০৪.০৩.২৬

(হায়েদ আহাম্মদ মজুমদার)

সেকশন অফিসার

মোবাইলঃ ০১৮২০-২৯২৫৩২